গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
www.unofulbaria.mymensingh.gov.bd

স্মারক নং - ০৫.৪৫.৬১২০.৪০১.৫৫.০১৯.২০-২৭২ তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৮ বঙ্গাব্দ। ০৮ মার্চ ২০২২ খ্রিঃ

## নোটিশ

১৫/০৩/২০২২ খ্রিঃ তারিখ রোজ মঙ্গলবার বেলা ১১.০০ ঘটিকায় ফুলবাড়ীয়া উপজেলা পরিষদের মাসিক উন্নয়ন সমন্বয় কমিটির সভা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে অনুষ্ঠিত হবে।

০২। উক্ত সভায় ফুলবাড়ীয়া উপজেলার উন্নয়ন সমন্বয় কমিটির সকল সম্মানিত সদস্যকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা যাচ্ছে। সম্মানিত সদস্যগণকে নিম্নোক্ত ছক মোতাবেক গত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতির সুনির্দিষ্ট তথ্য এবং আলাদাভাবে তাঁর বিভাগীয় কার্যক্রমের প্রতিবেদন সুস্পষ্টভাবে আগামী ১৩/০৩/২০২২ খ্রিঃ তারিখের মধ্যে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

| গত সভার সিদ্ধান্ত | বাস্তবায়ন অগ্রগতি | মন্তব্য |
|---|---|---|
| | | |

সভার আলোচ্য সূচি :

১। পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ, অনুমোদন এবং গৃহীত সিদ্ধান্তের অগ্রগতি পর্যালোচনা।

২। বিভিন্ন বিভাগ থেকে প্রাপ্ত উন্নয়ন প্রকল্পের অগ্রগতির প্রতিবেদনের উপর আলোচনা।

৩। আন্তঃ বিভাগীয় সমস্যাদির উপর আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ।

৪। তথ্য অধিকার আইন-২০০৯ বাস্তবায়ন সংক্রান্ত আলোচনা।

৫। বিবিধ।

০৮/০৩/২০২২
মোহাম্মদ নাহিদুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
ফোন-০৯০২৩৭৩০০১
ই-মেইল- unofulbaria@mopa.gov.bd

..............................................................................

(সকল সদস্য), ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫১-ময়মনসিংহ-৬, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৪। ভাইস-চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান(মহিলা), উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫। অফিস কপি।

উপজেলা পরিষদ কার্যালয়
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

# ফুলবাড়ীয়া উপজেলা পরিষদের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোঃ আব্দুল মালেক সরকার, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
স্থান ঃ উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
তারিখ ঃ ১৫/০৩/২০২২খ্রিঃ।
সময়ঃ বেলা ১১:০০ ঘটিকা।

সভায় উপস্থিত সদস্যগণের তালিকা (পরিশিষ্ট- 'ক')

উপস্থিত সম্মানিত সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে মাননীয় সংসদ সদস্য ১৫১, ময়মনসিংহ-৬, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ এবং সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ গত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোনো সংশোধনী না থাকায় তা গৃহিত ও অনুমোদিত হয়। অত:পর গত সভার গৃহিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা এবং বিভিন্ন বিভাগ সমূহের বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহিত হয় ঃ

| ক্রঃ নং | বিভাগ | আলোচনা | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা স্বাস্থ্য বিভাগের সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। উল্লেখ্য, চলতি মাসে ফুলবাড়ীয়া উপজেলার মোট জনগোষ্ঠীর ৭৩% ১ম ডোজের টিকার আওতায় এসেছে। এ প্রেক্ষিতে, আগামী ২৮/০৩/২২খ্রিঃ হতে ৩০/০৩/২২খ্রিঃ তারিখ পর্যন্ত একইভাবে ২য় ডোজের ভ্যাকসিন কার্যক্রম চলমান থাকবে। এছাড়া, বুষ্টার টিকা হিসেবে ফাইজার/মর্ডানার টিকার মজুদ পর্যাপ্ত রয়েছে মর্মে তিনি জানান। করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা বৃদ্ধির বিষয়ে প্রচারণা কার্যক্রম অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন। | আলোচনান্তে স্বাস্থ্য বিভাগীয় কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প: প: অফিসার/সকল বিভাগীয় প্রধান /সকল ইউপি চেয়ারম্যান। |
| ২ | মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার তাঁর বিভাগের সার্বিক কার্যক্রম সভায় উপস্থাপন করেন। তিনি জানান, ফুলবাড়ীয়া উপজেলায় কোভিড-১৯ এর কারণে প্রান্তিক মৎস চাষীরা কিছু ক্ষতিগ্রস্থ হয়েছেন যা মোট মৎস্য উৎপাদনে কিছুটা বাধাগ্রস্থ হয়েছেন। মাছ বিক্রি স্বাভাবিক রাখার জন্য পিক আপ, ভ্যান, ট্রাকের গায়ে জরুরি মৎস্য কাজে নিয়োজিত স্টিকার সহ প্রত্যয়ন দেওয়া হতো। এছাড়া প্রান্তিক চাষী, হ্যাচারীর মালিকদের নিয়ে সচেতনতা মূলক সভা, মত বিনিময় সভা এবং স্বল্প পুজিতে সংক্ষিপ্ত সময়ে কোন প্রজাতির মাছ চাষ করলে লাভজনক হওয়া যায় সে বিষয়গুলো চাষীদের বলা হচ্ছে। তিনি তার বিভাগের সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সাহ বিভাগের সার্বিক কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। | সিনিয়র উপজেলা মৎস্য অফিসার ও সংশ্লিষ্ট সকল |
| ৩ | কৃষি বিভাগ | উপজেলা কৃষি অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান বোরো চাষ চলমান। সরিষা, গম ও ভূট্টার আবাদ বৃদ্ধি পেয়েছে। তবে, ফুলবাড়ীয়া উপজেলায় সরিষা হতে তেল তৈরির মেশিন/মিল স্থাপন প্রয়োজন। কৃষকদের মাঝে আধুনিক প্রযুক্তি সম্প্রসারণে মাঠ পর্যায়ে উপ সহকারী কৃষি কর্মকর্তারা সার্বক্ষণিক কৃষকদের পাশে থেকে পরামর্শ প্রদান করে যাচ্ছে। | আলোচনান্তে কৃষি বিভাগের কার্যক্রমের সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা কৃষি অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ৪ | প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। গত ০২/০৩/২২ খ্রিঃ তারিখ থেকে বিদ্যালয় গুলোতে শ্রেণী কক্ষের পাঠদান কার্যক্রম শুরু হয়েছে। তিনি আরো জানান যে, ২৮ টি সরকারী প্রাথমিক বিদ্যালয়ের অনুকূলে বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া, ০৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মেরামত ও ৩৪টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুকূলে ভবন/অতিরিক্ত শ্রেনিকক্ষের বরাদ্দ প্রাপ্তির জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের বরাবরে অগ্রাধিকার ভিত্তিতে পত্র প্রেরণ করা প্রয়োজন। একই সাথে, ১১৫টি স্কুলের বিদ্যালয় ব্যবস্থাপনা কমিটি অনুমোদনেরও প্রয়োজন রয়েছে।তিনি রগুনাথপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সীমানা প্রাচীর নির্মানে সমস্যা সমাধানে উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের কার্যকর | আলোচনান্তে উপজেলা শিক্ষা বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা শিক্ষা অফিসার ও সংশ্লিষ্ট সকল |

| | | | | |
|---|---|---|---|---|
| | | ভূমিকা পালনের অনুরোধ জানান। তিনি তাঁর বিভাগের কার্যক্রমে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | | |
| ৫ | পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি সভায় জানান যে, সক্ষম দম্পতি ৮৮,৩০৪ জন মোট গ্রহণকারী ৬৯,২৮৬ জন পদ্ধতি গ্রহণকারীর ৭৯.৪৫% স্থায়ী পদ্ধতি মোট গর্ভবতী ২৫১৩ জন, IUD ৩১ জন, Implanon ২৮ জন, Injection ১৩১৩ জন, খাবার বড়ি ৫৪৮০৪ পিস, Condom ১৯১২৫ পিস, সাধারণ প্রসব ১০৬ জন, প্রশিক্ষণ প্রাপ্তদের দ্বারা প্রসব ১৬৯ জন, স্বাভাবিক ১১০ জন সিজারিয়ান ২৮ জন। দাপ্তরিক কার্যক্রম ত্বরান্বিতকরণে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | পরিবার পরিকল্পনা বিভাগীয় কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার। |
| ৬ | যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান মার্চ/২২ খ্রিঃ পর্যন্ত চলতি অর্থবছরে ঋণ বিতরণেঃ ৭৬০০০০ টাকা, অনুষ্ঠিত প্রশিক্ষণ ব্যচের সংখ্যা ০২ টি, চলতি অর্থবছরে প্রশিক্ষণ গ্রহণকারী সংখ্যা ৩৩০ জন, আত্মকর্মী সৃজন লক্ষমাত্রা ৮৪ জন, চলতি মাসে অর্জন ০৫ জন, চলতি অর্থবছরে অর্জন ৫৫ জন, যুব সংগঠন নিবন্ধন ০১ জন। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান রয়েছে। | আলোচনান্তে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা যুব উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ৭ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান ২০২১-২০২২ অর্থ বছরে গ্রামীন মাটির রাস্তাসমূহ টেকসইকরণের লক্ষে হেরিংবোন বন্ড (এইচবিবি) করণ ২য় পর্যায়ের ১৫০০ মিটার রাস্তার কাজ চলমাণ রয়েছে এবং ১৭০০মিটার রাস্তার আজ বাস্তবায়নের জন্য দরপত্র আহবান করা হয়েছে।২০২১-২২ অর্থ বছরে কাবিটা/টিআর কার্যক্রম চলমান রয়েছে। অত্র কার্যালয়ের অন্যান্য কার্যক্রম স্বাভাবিক প্রক্রিয়ায় চলমান রয়েছে। | আলোচনান্তে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্পবাস্তবায়ন কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |
| ৮ | সমবায় অফিস | উপজেলা সমবায় অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান সমবায় সমিতি অডিট সম্পাদন করা হয় ২২৫ টি। এ থেকে সরকারী রাজস্ব বাবদ ৪৯৪৩০/- এবং রাজস্ব ১০% এর বাবদ ৫৬৬০/- টাকা। সুবিধাবঞ্চিত মহিলাদের জীবনযাত্রার মান উন্নয়ন প্রকল্পে ২,৪০,০০০০০/- টাকা ঋণ বিতরণ করা হয়। ফেব্রুয়ারি মাসে আদায় ২,৯৩,২০০/- টাকা৷ তবে খেলাপি ঋণ আহরণে উপজেলা প্রশাসন সহ সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | আলোচনান্তে সমবায় বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমবায় অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ৯ | সমাজসেবা অফিস | উপজেলা সমাজসেবা কার্যালয়, ফুলবাড়ীয়া, ময়মনসিংহে সকল ভাতাভোগীদের ২০২১-২২ অর্থ বছরের ৩য় কিস্তি পেরোল দেওয়ার পূর্বে অত্র উপজেলার ১৩টি ইউনিয়ন এবং ০১টি পৌরসভায় মোট ৭৫০ জন্য ভাতাভাগীর মোবাইল নম্বর পরিবর্তন করে দেওয়া হবে এবং অত্র উপজেলায় বয়স্ক ৪০০০ হাজার এবং বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা ৪০০০ হাজার এবং ৫০০০ হাজার ভাতার অতিরিক্ত বরাদ্দ প্রয়োজন। প্রতিবন্ধী জরিপ কাজে মার্চ মাসে ২০০ প্রতিবন্ধী ব্যক্তি সুবর্ণ নাগরিক কার্ড প্রদান করা হয়েছে। | আলোচনান্তে সমাজসেবা বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ১০ | পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। তিনি জানান ২০২১-২২ অর্থ বছরে ৫০ লক্ষ টাকা আদায়, এবং ৫৫ লক্ষ টাকা ঋণ বিতরণ। বিআরডিবির বিভিন্ন প্রকল্পের খেলাপী ঋণ আদায়ের বিষয়ে ইউপি চেয়ারম্যানদের সহযোগীতা করার জন্য সভায় আলোচনা করা হয়। এ ছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক রয়েছে। | আলোচনান্তে সমবায় বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার ও সংশ্লিষ্ট সকল। |
| ১১ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তার বিভাগের সার্বিক কর্মকান্ড সভায় অবহিত করেন। মহিলা বিষয়ক অধিদপ্তরের ভিজিডি কার্যক্রম চলমান রয়েছে। তাছাড়া আইজিএর প্রশিক্ষণার্থীদের আবেদন পত্র জমা নেওয়া হচ্ছে। আগামী এপ্রিল/২২-জুন/২২ তিন মাসের জন্য বিউটিফিকেশন ও ফ্যাশান ডিজাইন এর ছাত্রী নির্বাচন প্রক্রিয়া চলামান। এছাড়াও বাল্যবিবাহ, যৌতুক, নারী নির্যাতন বন্ধের কার্যক্রম চলমান। তার দপ্তরের সকল কার্যক্রম | আলোচনান্তে সমবায় বিভাগের কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | করেন। | | |
| ১২ | চেয়ারম্যান, নাওগাঁও ইউপি | চেয়ারম্যান, নাওগাঁও ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, নাওগাঁও ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ১৩ | চেয়ারম্যান, পুটিজানা ইউপি | চেয়ারম্যান, পুটিজানা ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, পুটিজানা ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ১৪ | চেয়ারম্যান, কুশমাইল ইউপি | চেয়ারম্যান, কুশমাইল ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, কুশমাইল ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ১৫ | চেয়ারম্যান, বালিয়ান ইউপি | চেয়ারম্যান, বালিয়ান ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, বালিয়ান ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ১৬ | চেয়ারম্যান দেওখোলা ইউপি | চেয়ারম্যান, দেওখোলা ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেনতার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, দেওখোলা ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ১৭ | চেয়ারম্যান বাক্তা ইউপি | চেয়ারম্যান, বাক্তা ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, বাক্তা ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ১৮ | চেয়ারম্যান, রাঙ্গামাটিয়া ইউপি | চেয়ারম্যান, রাঙ্গামাটিয়া ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, রাঙ্গামাটিয়া ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ১৯ | চেয়ারম্যান, এনায়েতপুর ইউপি | চেয়ারম্যান, এনায়েতপুর ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, এনায়েতপুর ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২০ | চেয়ারম্যান, কালাদহ ইউপি | চেয়ারম্যান, কালাদহ ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, কালাদহ ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২১ | চেয়ারম্যান, আছিম পাটুলী ইউপি | চেয়ারম্যান, আছিম পাটুলী ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, রাধাকানাই ইউপি ও সংশ্লিষ্ট সকল। |

| | | | | |
|---|---|---|---|---|
| ২২ | চেয়ারম্যান, ভবানীপুর ইউপি | চেয়ারম্যান, ভবানীপুর ইউপি সভায় তার ইউনিয়নের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকান্ডের বিষয়ে বক্তব্য প্রদান করেন। তার ইউনিয়নের সকল কার্যক্রম সুষ্ঠু, সুন্দরভাবে পরিচালনার জন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে তাঁর ইউনিয়নের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | চেয়ারম্যান, ভবানীপুর ইউপি ও সংশ্লিষ্ট সকল। |
| ২৩ | মহিলা ভাইস চেয়ারম্যান | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা প্রদান করে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। তিনি বলেন করোনা ভাইরাসের ২য় ডোজ টিকা প্রদান নিশ্চিতকরণে সকলের সহযোগিতা কামনা করেন। | উপজেলার সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ডে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এবং সকল বিভাগীয় কর্মকর্তা। |
| ২৪ | ভাইস চেয়ারম্যান | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, সভায় উপস্থিত সকলকে সালাম ও শুভেচ্ছা প্রদান করে সংক্ষিপ্ত বক্তব্য প্রদান করেন। সকল ইউপি চেয়ারম্যানদের ফ্যামিলি কার্ডের তালিকা অনুযায়ী সুষ্ঠভাবে টিসিবি পণ্য বিতরণের জন্য অনুরোধ জানান । | উপজেলার সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ডে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | ভাইস চেয়ারম্যান, মহিলা ভাইস চেয়ারম্যান এবং সকল বিভাগীয় কর্মকর্তা। |
| ২৫ | উপজেলা নির্বাহী অফিসার | উপজেলা নির্বাহী অফিসার সভায় জানান যে, সরকারি/বেসরকারি সকল দপ্তর চার্টার অফ ডিউটি অনুযায়ী সমন্বিতভাবে কাজ করলে উপজেলা পরিষদ এর কাজ করা সহজ হবে। তিনি সভায় জানান যে, বাংলাদেশ সরকার JICA এর কারিগরি সহায়তায় সরকার দ্বিতীয় পর্যায়ে বাংলাদেশের ৯টি জেলার ৬৫টি উপজেলায় সমন্বিতভাবে পঞ্চবার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা করার লক্ষ্যে UICDP নামক একটি প্রকল্প হাতে নিয়েছে। উপজেলা পরিষদ ফুলবাড়িয়া উপজেলার আওতাভুক্ত পৌরসভা, ইউনিয়ন সমুহ, সরকারী ও বেসরকারী প্রতিষ্ঠানের সমন্বয়ে একটি বার্ষিক উন্নয়ন পরিকল্পনা তৈরির জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। এ পরিকল্পনার মাধ্যমে পরিষদ আগামী অর্থ-বছরে ফুলবাড়িয়া উপজেলায় কি কি উন্নয়ন কাজ করবে তার একটি রুপরেখা দেয়ার চেষ্টা করেছে। এরই ধারাবাহিকতায় ফুলবাড়িয়া উপজেলা আগামী বছরগুলোতে পঞ্চ-বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করবে বলে আশা করা যাচ্ছে। এ সম্পর্কিত একটি খসড়া কার্যপদ্ধতি এবং কর্মপরিকল্পনা সভায় সকলের মতামতের জন্য উপস্থাপনা করা হয়। | আলোচনান্তে পঞ্চ-বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং বাস্তবায়ন সম্পর্কিত খসড়া কর্মপরিকল্পনা অনুমোদন করা হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ২৬ | চেয়ারম্যান উপজেলা পরিষদ | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া উপজেলার সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে সভায় অবহিত করেন। তিনি সভায় উপস্থিত সকল কর্মকর্তা ও ইউপি চেয়ারম্যানগণকে সালাম ও ধন্যবাদ জানান। তিনি চলতি বছরের এডিপিভুক্ত প্রকল্পসমূহ(পরিশিষ্ট খ), টিআর, কাবিটা বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের কাছ থেকে স্বচ্ছতা এবং কার্যকর দক্ষতা আশা করেন। একই সাথে তিনি উপজেলার ফুলবাড়িয়া উপজেলা আগামী বছরগুলোতে পঞ্চ-বার্ষিক ও বার্ষিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নসহ সার্বিক উন্নয়নমূলক কর্মকান্ডে সকলের সহযোগিতা কামনা করেন। | আলোচনান্তে উপজেলা পরিষদের সার্বিক কার্যক্রমে সহযোগিতা প্রদানের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |
| ২৭ | মাননীয় সংসদ সদস্য | মাননীয় সংসদ সদস্য ১৫১, ময়মনসিংহ-৬, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ সভা শেষে সকল দপ্তরের কার্যক্রমে সন্তুষ্টি প্রকাশ করেন। এছাড়া বর্তমান সরকারের প্রতিশ্রুতি শতভাগ বাস্তবায়নে সকল সরকারি দপ্তর ও অংশী প্রতিষ্ঠানসমূহকে সচেষ্ট হতে নির্দেশ দেন। পাশাপাশি ফুলবাড়ীয়া উপজেলার সামগ্রিক উন্নয়নে সার্বিক সমন্বিত কার্যক্রম জোরদারকরণে সংশ্লিষ্ট সকলের প্রতি আহবান করেন। এছাড়া, তিনি জানান সরকারের সকল ফলপ্রসু কার্যক্রম দীর্ঘস্থায়ী করতে আইন শৃঙ্খলা বজায় রাখা অত্যন্ত প্রয়োজন। এ প্রেক্ষাপটে উপজেলার আইন শৃঙ্খলা পরিস্থিতি নিবিড় পর্যবেক্ষণে রাখতে উপস্থিত সকলকে নির্দেশনা দেন। | আলোচনান্তে মাননীয় সংসদ সদস্যের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহিত হয়। | সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকল সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আব্দুল মালেক সরকার)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ

স্মারক নং-০৫.৪৫.৬১২০.০১০.০৬.০০১.২১-(৫০) ২৯৫

তারিখ ঃ ১৫/০৩/২০২২খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ-

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, ১৫১-ময়মনসিংহ-৬, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। উপ-মহা পুলিশ পরিদর্শক , ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট, ময়মনসিংহ।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৫। ভাইস-চেয়ারম্যান/ মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থাগ্রহনের জন্য প্রেরণ করা হলোঃ

১। মেয়র/চেয়ারম্যান ......................................................... পৌরসভা/ সকল ইউঃপিঃ, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
২। উপজেলা ................................................................................... অফিসার, ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।
৩। ................................................................................................ ফুলবাড়ীয়া, ময়মনসিংহ।

১৫/০৩/২০২২

মোহাম্মদ নাহিদুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
ফুলবাড়ীয়া, ময়মনসিংহ
ই-মেইল- unofulbaria@mopa.gov.bd

১৫/০৩/২০২২

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | আলহাজ্ব মোসলেম উদ্দিন<br>এডভোকেট মাননীয় সংসদ সদস্য<br>১৫১- ময়মনসিংহ- ০৬ ফুলবাড়ীয়া | |
| ০২ | আলহাজ্ব আব্দুল মালেক সরকার<br>চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ফুলবাড়ীয়া, ময়মনসিংহ, | ১৫/৩/২২ |
| ০৩ | মোহাম্মদ কারাম উদ্দিন<br>ভাইস, চেয়ারম্যান উপজেলা পরিষদ<br>ফুলবাড়ীয়া, ময়মনসিংহ, | ১৫/০৩ |
| ০৪ | মোছাঃ পারভীন সুলতানা<br>ভাইস, ~~মহিলা~~ চেয়ারম্যান মহিলা,<br>উপজেলা পরিষদ, ফুলবাড়ীয়া | |
| ০৫ | মোঃ গোলাম কিবরিয়া<br>মেয়র, ফুলবাড়ীয়া, পৌরসভা<br>ফুলবাড়ীয়া, ময়মনসিংহ, | |

১৪/০৩/2022

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| 01 | চেয়ারম্যান ১নং নওগাঁও ইউ, পি | |
| 02 | চেয়ারম্যান ২নং পুটিজানা ইউ, পি | |
| 03 | চেয়ারম্যান ৩নং কুশমাইল ইউ, পি | |
| 04 | চেয়ারম্যান ৪নং বালিয়ান ইউ, পি | |
| 05 | চেয়ারম্যান ৫নং দেওখোলা ইউ, পি | |
| 06 | চেয়ারম্যান ৬নং ফুলবাড়ীয়া, ইউ, পি | |
| 07 | চেয়ারম্যান ৭নং বাকতা ইউ, পি | |
| 08 | চেয়ারম্যান ৮নং রাঙ্গামাটিয়া ইউ, পি | |
| 09 | চেয়ারম্যান ৯নং এনায়েতপুর ইউ, পি | |
| ১০ | চেয়ারম্যান ১০নং কালাদহ ইউ, পি | |
| ১১ | চেয়ারম্যান, ১১নং রাধাকানাই ইউ, পি | |
| ১২ | চেয়ারম্যান ১২নং আছিমপাটুলী ইউ, পি | |
| ১৩ | চেয়ারম্যান ১৩নং ভবানীপুর ইউ, পি | |

১৫/০৬/২০22

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার খালবাড়িয়া | [illegible] |
| 02 | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিসার | [illegible] |
| ০৩ | উপজেলা প্রাণী সম্পদ অফিসার, খালবাড়িয়া | [illegible] |
| 0৪ | উপজেলা কৃষি অফিসার খালবাড়িয়া | [illegible] |
| ০৫ | উপজেলা মৎস্য অফিসার, খালবাড়িয়া | [illegible] |
| 0৬ | উপজেলা, প্রকৌশলী- খালবাড়িয়া, | [illegible] |
| 0৭ | উপজেলা শিক্ষা অফিসার, খালবাড়িয়া | [illegible] |
| 0৮ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, খালবাড়িয়া | [illegible] |
| 0৯ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা- খালবাড়িয়া | [illegible] |
| ১০ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার খালবাড়িয়া | [illegible] |
| ১১ | উপজেলা সমাজসেবা অফিসার খালবাড়িয়া | [illegible] |
| ১2 | উপজেলা সমবায় অফিসার- খালবাড়িয়া | [illegible] |
| ১৩ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা- খালবাড়িয়া | [illegible] |
| ১৪ | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা- খালবাড়িয়া | [illegible] |
| ১৫ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা- খালবাড়িয়া | [illegible] |